গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিপিটি অনুবিভাগ
সিপি-৩ শাখা

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ই-গভনের্নন্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়নের লক্ষ্যে ইনোভেশন কমিটির ২০২১-২০২২ অর্থবছরের ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি : ডঃ আবু শাহীন মোঃ আসাদুজ্জামান
যুগ্মসচিব (সিপি) ও চীফ ইনোভেশন অফিসার, জনপ্রশাসন মন্ত্রণালয়
সভার তারিখ : ১৩ সেপ্টেম্বর ২০২১
সভার সময় : বিকাল ৩.০০ ঘটিকা।
স্থান : যুগ্মসচিব (সিপি), মহোদয়ের অফিস কক্ষ[ ভবন নং-৭, কক্ষ নং-০৪] জনপ্রশাসন মন্ত্রণালয়।
উপস্থিতি : পরিশিষ্ট-'ক'

সভাপতি প্রারম্ভে সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। তিনি উল্লেখ করেন যে, পুনর্গঠিত ইনোভে শন টিমের সদস্যদের পারস্পরিক পরিচিতি এবং করণীয় নির্ধারণের জন্য প্রথম সভা আয়োজন করা হয়েছে। নিজ মন্ত্রণালয় ে উদ্ভাবনী কার্যক্রম সম্প্রসারণের পাশাপাশি মাঠপর্যায়ে উদ্ভাবনী কার্যক্রম অনুসন্ধান, বাছাই এবং ব্যাপৃতকরণেও এ কমিটি র দায়িত রয়েছে মর্মে তিনি উল্লেখ করেন। তিনি উদ্ভাবনী ধ্যান-ধারণা এবং কৌশল প্রয়োগের মাধ্যমে এ টিমকে কার্যকর করার বিষয়ে ভূমিকা রাখার জন্য সকল সদস্যের প্রতি আহ্বান জানান। কমিটির সদস্যদের পারস্পরিক পরিচিতির পর আল োচ্যসূচি অনুসারে সভার কার্যক্রম পরিচালিত হয়।

০২। ইনোভেশন টিমের সদস্য সচিব আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন এবং প্রতিটি বিষয়ে বিস্তারিত আলো চনা হয়।সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নোক্ত ছকে উপস্থাপন করা হলো:

| ক্রমিক নং | আলোচ্যসূচি ও বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা: | | |
| | সিদ্ধান্ত-১: ইনোভেশন টিম পুনর্গঠন করার লক্ষ্যে প্রশাসন অনুবিভাগকে অনুরোধ করা হবে। | ইনোভেশন টিম পুনর্গঠন করায় প্রশাসন-১ শাখাকে ধন্যবাদ জানানো হয়। | বাস্তবায়িত। |
| | সিদ্ধান্ত-২: বিভাগীয় কমিশনার, রাজশাহী | প্রদর্শনী/শোকেসিং আয়োজন করা হয়েছে। | বাস্তবায়িত। |

| | | | |
|---|---|---|---|
| | কর্তৃকপ্রস্তুতকৃত Dynamic Project Supervision System (DPSS) সফটওয়্যার এর ওপর একটি প্রদর্শনী/শোকেসিং আয়োজন করা হবে। | | |
| ২. | উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের লক্ষ্যে বাছাই। | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ই-গভনেন্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়নের লক্ষ্যে এ অর্থবছরে ন্যূনতম একট উদ্ভাবনী ধারণা বাছাই করতে হবে। সেক্ষেত্রে মন্ত্রণালয়ের সকল অনুবিভাগ থেকে উদ্ভাবনী ধারণা সংগ্রহ করা যেতে পারে। সংগৃহীত ধারণাসমূহ কর্মশালার মাধ্যমে বাছাই করে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। | মন্ত্রণালয়ের সকল অনুবিভাগ থেকে উদ্ভাবনী ধারণার প্রস্তাব সংগ্রহের লক্ষ্যে পত্র প্রেরণ করতে হবে।<br>**বাস্তবায়নকারী:**<br>সিপি-৩ শাখা |
| ৩. | উদ্ভাবনী ধারণার ডাটাবেইজ প্রণয়ন। | মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসসমূহের উদ্ভাবনী ধারণার ডাটাবেইজ থাকা আবশ্যক। উক্ত ডাটাবেইজের উপর ভিত্তি করে ধারণা বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ, বাস্তবায়িত ধারণার Scale up, Promotion ইত্যাদি করা সম্ভব।<br><br>২০২০-২০২১ অর্থবছরে ৮টি বিভাগের বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা সংগ্রহের উদ্যোগ গ্রহণ করা হলেও সকল বিভাগ থেকে তথ্যাদি পাওয়া যায়নি। যে সকল বিভাগের তথ্য পাওয়া যায়নি তাদের সাথে যোগাযোগ করা যেতে পারে। | (১)২০২০-২১ অর্থবছরে যে সকল বিভাগ/জেলা থেকে ইনোভেশন ধারণার তালিকা পাওয়া যায়নি সে সকল বিভাগ/জেলাকে তালিকা প্রেরণের অনুরোধ করা জানিয়ে পত্র প্রেরণ করতে হবে।<br>**বাস্তবায়নকারী:**<br>সিপি-৩ শাখা |

| | | | |
|---|---|---|---|
| ৪. | বিবিধ:<br>(১) Innovation সংক্রান্ত ধারণাপত্র প্রণয়ন | পূর্বের অভিজ্ঞতা হতে দেখা যায় যে, ইনোভেশন সম্পর্কে প্রতিষ্ঠিত কোন সংজ্ঞা বা ধারণা না থাকায় বিষয়টি নিয়ে ভুল ও বিভ্রান্তি সৃষ্টি হয় মাঠ-পর্যায়ের দপ্তরসমূহ থেকে ভুল তথ্য প্রেরণ করা হয়। এর ফলে যথাযথ উদ্ভাবনী উদ্যোগ বাছাই করা সম্ভব হয় না। সে কারণে ইনোভেশন বা উদ্ভাবনী ধারণার একটি সঠিক সংজ্ঞা ও নির্ণায়ক সূচক নির্ধারণ করা প্রয়োজন। কমিটির সদস্যগণ প্রচলিত ধারণা, বিদ্যমান দলিলপত্র এবং আন্তর্জাতিকভাবে ব্যবহৃত সংজ্ঞা পর্যালোচনা করে এ বিষয়ে একটি ধারণাপত্র প্রস্তুত করতে পারেন। | (১) ইনোভেশন টিমের সদস্যগণ আগামী ০১(এক) মাসের মধ্যে 'Innovation সংক্রান্ত একটি ধারণাপত্র (concept paper) প্রস্তুত করবে।<br>**বাস্তবায়নকারী :**<br>ইনোভেশন টিমের সদসগণ। |
| | (২) ইনোভেশন টিমে সিনিয়র সিস্টেমস অ্যানালিস্টকে অন্তর্ভুক্তকরণ | অধিকাংশ ক্ষেত্রে ইনোভেশন ধারণা বাস্তবায়নের জন্য প্রযুক্তিগত সহায়তার প্রয়োজন হয়। সিনিয়র সিস্টেমস অ্যানালিস্ট দীর্ঘদিন ইনোভেশন টিমের সদস্য ছিলেন এবং তিনি এ মন্ত্রণালয়ের তথ্যপ্রযুক্তি বিষয়ক কার্যক্রম বাস্তবায়নের সঙ্গে সম্পৃক্ত। টিমের কার্যক্রমকে এগিয়ে নিতে তাঁর অভিজ্ঞতা ও তথ্যপ্রযুক্তি বিষয়ক সহায়তার প্রয়োজন হবে। তাই মন্ত্রণালয়ের সিনিয়র সিস্টেমস অ্যানালিস্টকে ইনোভেশন টিমে অন্তর্ভুক্ত করা প্রয়োজন। | (২) সিনিয়র সিস্টেমস অ্যানালিস্টকে ইনোভেশন টেম অন্তর্ভুক্ত করার জন্য প্রশাসন-১ শাখাকে অনুরোধ করে পত্র প্রেরণ করতে হবে।<br>**বাস্তবায়নকারী:**<br>প্রশাসন-১ শাখা |

৫। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১।৯।২০২১

(ডঃ আবু শাহীন মোঃ আসাদুজ্জামান)
যুগ্মসচিব (সিপি)
ও
চীফ ইনোভেশন অফিসার, জনপ্রশাসন মন্ত্রণালয়

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৯৭.০১.০০৪.২১.৮৭

তারিখ: ১ আশ্বিন ১৪২৮ / ১৬ সেপ্টেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) উপসচিব, প্রশাসন-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
২) উপসচিব, প্রেষণ-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
৩) উপসচিব, সওব্য-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
৪) উপসচিব, বিধি-৪ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
৫) উপসচিব , শৃঙ্খলা-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
৬) উপসচিব, বাবাকো শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
৭) উপসচিব, আইন-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
৮) উপসচিব, পরিকল্পনা-২ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
৯) সিনিয়র সিস্টেমস অ্যানালিস্ট, জনপ্রশাসন মন্ত্রণালয়
১০) সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, সিপি অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয় [যুগ্মসচিব (সিপি) মহোদয়ের সদয় অবগতির জন্য]

22/09/2021

(আহমেদ কামরুল হাসান)
উপসচিব